

মেডিকেল ভর্তির প্রশ্নফাঁস

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ২১:৪০, ১২ আগস্ট ২০২৩; আপডেট: ২১:৪৭, ১২ আগস্ট ২০২৩



৭ চিকিৎসকসহ গ্রেপ্তার ১২

মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষার প্রশ্নফাঁসের সঙ্গে জড়িত সাত চিকিৎসকসহ ১২ জনকে গ্রেপ্তার করেছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। শনিবার (১২ আগস্ট) রাতে সিআইডির মুখ্যপাত্র অতিরিক্ত পুলিশ সুপার আজাদ রহমান গণমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, মেডিকেল কলেজে ভর্তি পরীক্ষার প্রশ্নফাঁসের সঙ্গে জড়িত সাতজন চিকিৎসকসহ প্রশ্নফাঁসকারী চক্রের মোট ১২ জনকে গ্রেপ্তার করেছে সিআইডি। এ বিষয়ে রবিবার (আজ) দুপুরে সিআইডি প্রধান অতিরিক্ত আইজিপি মোহাম্মদ আলী মিয়া মালিবাগে সিআইডির মিডিয়া সেন্টারে সংবাদ সম্মেলনে বিস্তারিত তথ্য তুলে ধরবেন।

এর আগে চলতি বছরের ৯ মার্চ মেডিকেল ভর্তি পরীক্ষার প্রশ্নফাঁস চক্রের একজন সদস্যকে গ্রেপ্তার করে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম ইউনিট। তার নাম ছিলো মো. মিরাজ হোসেন তুহিন। রাজধানীর মিরপুর মডেল থানা এলাকায় বিশেষ অভিযান চালিয়ে তাকে গ্রেপ্তার করে সিটি-সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন বিভাগের ই-ফ্রন্ট টিম।

ওইদিন এক সংবাদ সম্মেলনে ই-ফ্রন্ট টিমের সহকারী পুলিশ কমিশনার সুরঞ্জনা সাহা বলেন, নিয়মিত অনলাইন মনিটরিং করার সময় ফেসবুকে মেডিকেল ভর্তি পরীক্ষার প্রশ্ন ফাঁসের পোস্ট দেখা যায়। ওই পোস্টে দেখা যায়, প্রতারক চক্রের সদস্যরা ভুয়া আইডি খুলে বিভিন্ন মেডিকেল ভর্তি সংক্রান্ত ফেসবুক গ্রুপ ১০০ শতাংশ কমন প্রশ্নপত্র দেয়ার নিশ্চয়তা দিয়ে তাদেরকে ইনবক্স করতে বলে।

ইনবক্সে কেউ মেসেজ করলে প্রতারক চক্রের সদস্যরা মেডিকেল ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রের জন্য টাকা দাবি করছে। এরপর অগ্রিম হিসেবে কিছু টাকা তাদের বিকাশ ও নগদ এর মাধ্যমে দিতে বলে। এভাবে প্রতারক চক্র প্রতারণার ফাঁদ তৈরি করে অনেকের কাছ থেকে টাকা হাতিয়ে নিয়েছে বলেও জানান তিনি।

